

## ৰ গাফির (আল মু'মিন) | Ghafir (Al-Mu□min) | غَافر(ٱلْمُؤْمن)

আয়াতঃ ৪০: ৩৬

💵 আরবি মূল আয়াত:

## 🗚 অনুবাদসমূহ:

ফির'আউন আরও বলল, 'হে হামান, আমার জন্য একটি উঁচু ইমারত বানাও যাতে আমি অবলম্বন পাই'। — আল-বায়ান

ফেরাউন বলল- হে হামান! তুমি আমার জন্য এক সুউচ্চ ইমারত তৈরি কর যাতে আমি উপায় পেয়ে যাই — তাইসিকল

ফির'আউন বললঃ হে হামান! আমার জন্য তুমি নির্মাণ কর এক সুউচ্চ প্রাসাদ যাতে আমি পাই অবলম্বন – মুজিবুর রহমান

And Pharaoh said, "O Haman, construct for me a tower that I might reach the ways - - Sahih International

৩৬. ফিরআউন আরও বলল, হে হামান! আমার জন্য তুমি নির্মাণ কর এক সুউচ্চ প্রাসাদ যাতে আমি অবলম্বন পাই—

তাফসীরে জাকারিয়া

- (৩৬) ফিরআউন বলল, 'হে হামান! আমার জন্য তুমি এক সুউচ্চ প্রাসাদ নির্মাণ কর;[1] যাতে আমি অবলম্বন পেতে পারি।
  - [1] এটা হল ফিরআউনের ঔদ্ধত্য ও তার ধৃষ্টতার বর্ণনা যে, সে তার মন্ত্রী হামানকে বলল, একটি সুউচ্চ অট্টালিকা নির্মাণ কর, যাতে তার মাধ্যমে সে আসমানের দরজা পর্যন্ত পৌঁছতে পারে। أسباب মানে দরজাসমূহ বা রাস্তাসমূহ। আরো দেখুন, সুরা কাসাসের ২৮নং আয়াত।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4169

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন